

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
জনস্বাস্থ্য-১ অধিশাখা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০- ১১১

তারিখ : ২১.০৭.২০২০ খ্রি.

পরিপত্র

বিষয়ঃ মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি আফিসে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অফিসে আগত সেবা গ্রহীতাগণ বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট অফিস কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবেন।

- ২। সরকারি ও বেসরকারি হাসপাতালসহ সকল স্বাস্থ্য সেবা কেন্দ্রে আগত সেবা গ্রহীতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃপক্ষ বিষয়টি নিশ্চিত করবেন।
  - ৩। শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মন্দির ও গীর্জাসহ সকল ধর্মীয় উপাসনালয়ে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট পরিচালনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।
  - ৪। শপিং মল, বিপনিবিতান ও দোকানের ক্রেতা-বিক্রেতাগণ আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার করবেন। স্থানীয় কর্তৃপক্ষ ও মার্কেট ব্যবস্থাপনা কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।
  - ৫। হাট-বাজারে ক্রেতা-বিক্রেতাগণ মাস্ক ব্যবহার করবেন। মাস্ক পরিধান ব্যতীত ক্রেতা-বিক্রেতাগণ কোন পণ্য ক্রয়-বিক্রয় করবে না। স্থানীয় প্রশাসন, ও হাট-বাজার কমিটি বিষয়টি নিশ্চিত করবেন।
  - ৬। গণপরিবহনের (সড়ক, নৌ, রেল ও আকাশপথ) চালক, চালকের সহকারী ও যাত্রীদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। গণপরিবহনে আরোহনের পূর্বে যাত্রীদের মাস্ক ব্যবহার করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও মালিক সমিতি বিষয়টি নিশ্চিত করবেন।
  - ৭। গার্মেন্টস ফ্যাক্টরিসহ সকল শিল্প কারখানায় কর্মরত শ্রমিকদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মালিকগণ বিষয়টি নিশ্চিত করবেন।
  - ৮। হকার, রিক্সা ও ত্যানচালকসহ সকল পথচারীর মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। বিষয়টি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিশ্চিত করবেন।
  - ৯। হোটেলে ও রেস্তোরাঁতে কর্মরত ব্যক্তি এবং জনসমাবেশ চলাকালীন আবশ্যিকভাবে মাস্ক পরিধান করবেন। বিষয়টি স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট মালিক সমিতি নিশ্চিত করতে হবে।
  - ১০। সকল প্রকার সামাজিক অনুষ্ঠানে আগত ব্যক্তিদের মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।
  - ১১। বাড়ীতে করোনা উপসর্গসহ কোন রোগি থাকলে পরিবারের সুস্থ সদস্যগণ মাস্ক ব্যবহার করবেন।
  - ১২। এ পরিপত্র বাংলাদেশে বসবাসরত সকলের জন্য প্রযোজ্য।
- উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

  
21.07.2020  
(ডঃ মোঃ শিকির আহমেদ ওসমানী)  
উপসচিব  
ফোনঃ-৯৫১১০৭২  
hsdph1@gmail.com

বিতরণ (ক্ষেত্রাত্মক ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব (সকল):..... মন্ত্রণালয়/বিভাগ।
- ২। সচিব (সকল):..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

Shwite L2200-1



কৃষি ভবন  
৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা  
সংস্থাপন বিভাগ  
www.badc.gov.bd



স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.৯৯.০১৭.২০.৭০৯

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭  
২১ জুলাই ২০২০

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্বাস্থ্য ও সেবা বিভাগের ২১ জুলাই ২০২০ তারিখের স্মারক নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০.১৯৯ এর মাধ্যমে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিসে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অফিসে আগত সেবা গ্রহীতাগণ বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করতে হবে। বিএডিসি'র সংশ্লিষ্ট অফিস কর্তৃপক্ষ মাস্ক ব্যবহারের বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্ত পরিপত্রটি অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২১-৭-২০২০

মোঃ আনোয়ার ইমাম  
সচিব

বিভাগীয় প্রধান (সকল), বিএডিসি।

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.৯৯.০১৭.২০.৭০৯/১

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭  
২১ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ/ অর্থ/ সার ব্যবস্থাপনা/ বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ২) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৩) প্রকল্প পরিচালক, বিএডিসি (সেচ সেক্টর)। (সকল)
- ৪) প্রকল্প পরিচালক, বিএডিসি (ফসল সেক্টর) (সকল)
- ৫) প্রধান চিকিৎসক, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা
- ৬) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

২১-৭-২০২০

মোহাম্মদ জাকিরুল ইসলাম  
যুগ্মপরিচালক